## ১২

তোমাকে আমি বিদ্ধ করেছি শরে
ষড়জের পরে কোমল রেখাব নিয়ে,
রক্তে ভাসছে তোমার কণ্ঠে গান
ছাড়বোই না কোনো অবসর দিয়ে ।
যতোই দেখছি সিক্ত দুইটি চোখ
ততোই জাগছে গভীর-গোপন সুর,
যাক নিভে ঐ আকাশের ধ্রুবতারা
ঠিক সুরে আজ মন করো ভরপুর!
ফিরছি কুলায় কানে বাজে ভৈঁরো
এ কোন মদ্যে মজেছি সন্ধ্যাকালে,
নির্ঘুম রাত আজকে কাটবে জানি
জড়িয়েছো যেনো সঙ্গীত-অঞ্চলে!